দৈনিক ইত্তেফাক

তারিখ 8 JUN 2003

# কেরানীগঞ্জের ৫৫ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

মোহাম্মদ আবু তালেব ॥ শিক্ষা মানব জীবনের এক অমূল্য সম্পদ। অথচ শিক্ষার প্রাথমিক স্তর থেকে ঝরে পড়েছে কেরানীগঞ্জের প্রায় ৫৫ হাজার শিশু। কেরানীগঞ্জ উপজেলার মোট জনসংখ্যা ১২ লাখ। তন্মধ্যে ৩ লক্ষাধিক শিশু। নানা কারণে তাদের মধ্যে প্রায় ৫৫ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। বঞ্চিতদের মধ্যে প্রায় ২৫ হাজার রয়েছে শ্রমিক। এসব শিশুকে জীবিকার তাড়নায় সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ছুটতে হয় এক স্থান থেকে অন্যস্থানে কাজের খোঁজে। অভিভাবকদের ৩৫ ভাগই জানে না প্রাথমিক শিক্ষা গ্রহণে কোন পয়সা লাগে না। তাই শিক্ষা গ্রহণে তাদের উৎসাহ বা আগ্রহে রয়েছে ভাটা। সরকারীভাবে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু করেও সরকারী টার্গেট পূরণ হচ্ছে না। অধিকাংশ নিরক্ষর ও অসচেতন অভিভাবক তাদের সন্তানদের যে আগ্রহে আরবী শিক্ষা গ্রহণের জন্য মসজিদ, মাদ্রাসা ও মক্তবে পাঠায় তার বিন্দুমাত্র আগ্রহ স্কুল শিক্ষার ক্ষেত্রে দেখা যায় না, ফলে স্কুল শিক্ষায় আগ্রহ হারিয়ে এই বিপুল সংখ্যক শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত হয়েছে। সম্প্রতি একটি এনজিওর সমীক্ষা রিপোর্ট থেকে এসব তথ্য জানা গেছে। উক্ত সমীক্ষা রিপোর্টে আরো বলা হয়, অনেক অভিভাবক তাদের সন্তানদের শৈশবেই গৃহস্থালি বা কৃষিকাজে লাগিয়ে দেয়। ওদের জ্বালানি ও গোবরসহ নানা বস্তু সংগ্রহে পাঠান হয়। শিশুরা যখন শারীরিকভাবে কিছুটা বেড়ে ওঠে অর্থাৎ শৈশব কাটতে



শিক্ষা বঞ্চিত একদল শিশু

(৫ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## কেরানীগঞ্জের ৫৫ হাজার

(৩য় পৃঃ পর)

না কাটতেই ভাগ্য বিড়ম্বিত এসব শিশুর একটা বিরাট অংশ কঠিন বাস্তবতার মুখোমুখি হয়। তাদের কেউ রিকশা, ঠেলাগাড়ি, ভ্যান গাড়ি চালায়, কেউবা টেম্পো, বাস, ট্রাকের হেলপার হয়, নৌকা চালনা, অন্যের আহার ভর্তি একাধিক ক্যারিয়ার বস্তু বহন করা, কল-কারখানার কঠিন চাকা ঘুরানোসহ নানা পেশায় ছড়িয়ে পড়ে। কখনো কখনো বাস্তবতার যাঁতাকলে পড়ে তাদের অনেকে হয়ে উঠে শিশু শ্রমিক থেকে শিশু সন্ত্রাসী, টোকাই থেকে টোকাই সাগর। এভাবেই বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা থেকে প্রতিনিয়ত বঞ্চিত হচ্ছে অগণিত শিশু। এ ব্যাপারে কেরানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজমুল আহসান মজুমদার বলেন, খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীটি প্রাথমিক শিক্ষা বিস্তারে ব্যাপক সাফল্য অর্জন করেছে। এই কর্মসূচীকে গতিশীল ও জোরদার করতে তিনি দলমত নির্বিশেষে সকল সচেতন মহলের আন্তরিক সহযোগিতা কামনা করেছেন।